ছাদের জন্য
# লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তর দরের জন্য পত্র লিখুন।
## নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Reg. No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ পত্র।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী
জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴২৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।
জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য লাইন ৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া হয়। শ্রীবিনয় কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

২৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২০শে মাঘ বুধবার ১৩৪৯ ইংরাজী 3rd Feb. 1943 { ৩৫শে সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

# হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৸৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।
মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন-বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের দুরূহ ভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

### আর্থিক পরিচয়

| | | | |
|---|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... | ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চল্‌তি বীমা | ... | ... | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ... | ... | ৪ " ২৩ " " " |
| মোট সম্পত্তি | ... | ... | ৪ " ৬৩ " " " |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ... | ... | ২ " ৫০ " " " |
| প্রিমিয়াম আয় | ... | ... | প্রায় ১ কোটি টাকা |

## হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স
সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।
এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২০শে মাঘ বুধবার, সন ১৩৪৯ সাল।

## যশোহরে মোটর দুর্ঘটনা

গত ২৬শে জানুয়ারী যশোহর সহর হইতে সাত মাইল দূরে যশোহর চুড়ামাউকাটি রোডে একটী মোটর দুর্ঘটনা হইয়াছে। সহরগামী একটী মোটর রাস্তার পার্শ্বে উল্টাইয়া যায়। কতিপয় মহিলা সমেত কয়েক ব্যক্তি আহত হইয়াছে। বাসটীও ক্ষতিগ্রস্থ হইয়াছে।

---

## বাট্টা গ্রহণে বিপত্তি

দুই টাকার ভাঙ্গানী দিবার বিনিময়ে নয় আনা 'বাট্টা' লইবার অভিযোগে ময়মনসিংহ মুক্তাগাছা সহরের রামানন্দ পাল নামক এক ব্যক্তিকে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হইয়াছে। তাহার দোকান হইতে পুলিশ ৫০৲ টাকার অধিক রেজকী উদ্ধার করিয়াছেন।

---

## শ্লেট ব্যবহার

নদীয়া জেলার মুড়াগাছা উচ্চ ইংরাজী বিদ্যালয়ে কাগজের দুর্ম্মূল্যতা তদুপরি দুষ্প্রাপ্যতার জন্য শ্লেট ব্যবহার করিবার আদেশ দেওয়া হইয়াছে।

---

## রেজকী উদ্ধার

রাজসাহীর একজন মাড়োয়ারী বস্ত্র ব্যবসায়ীর দোকান হইতে গত ২৩শে জানুয়ারী ১৭০৲ টাকার রেজকী উদ্ধার করা হইয়াছে।

---

## টাকার ভাঙ্গানী না দেওয়ায় দোকানদারের কঠোর দণ্ড

খুচরা ভাঙ্গানী থাকা সত্ত্বেও একজন ক্রেতাকে এক টাকার ভাঙ্গানী দিতে অস্বীকার করার অভিযোগে দেরাদুন বাবুগঞ্জের একজন মুদী ভারতরক্ষা আইন অনুযায়ী তিন মাস সশ্রম কারাদণ্ডে ও এক হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইয়াছে। অর্থদণ্ড না দিলে আরও তিন মাস সশ্রম কারাদণ্ড ভোগ করিতে হইবে।

---

## সাইক্লোন রিলিফ ফাণ্ড

(পূর্ব্ব প্রকাশিতের পর)

নিম্নলিখিত দানগুলির প্রাপ্তিস্বীকার করিতেছি :—

১। কেদারনাথ রায় ১৲, ২। সূর্য্যমল আগরবালা ৵০, ৩। যোগীন্দ্রনারায়ণ সাহা ১৲, ৪। মিসেস বোস ॥০, ৫। এস, এন, মুখার্জ্জি ১৲, বৈকুণ্ঠনাথ বড়াল ॥০, ৭। ডাঃ এ, বি, পল ৫৲, ৮। কাঞ্চনমালা রায় কাঞ্চনতলা ২৲, ৯ বৈলরাজ কিশোরীমল মির্জ্জাপুর ১৲

বিনীত নিবেদক—
শ্রীসর্ব্বময় দেব সরকার
শ্রীযমুনাবিহারী দত্ত
রঘুনাথগঞ্জ যতীন দাস ছাত্র পাঠাগার
সাইক্লোন রিলিফ ফাণ্ড।
তাং ৮-১০-৪৯

---

## উকিল পত্নীর পরলোক

গত ১৫ই মাঘ শুক্রবার জঙ্গিপুর আদালতের উকিল শ্রীযুক্ত পশুপতি চট্টোপাধ্যায় মহাশয়ের সহধর্ম্মিণী গৌরী দেবী মাত্র ৩৪ বৎসর বয়সে একমাত্র পুত্র ও দুইটী কন্যা রাখিয়া পরলোকগমন করিয়াছেন। পুত্র শ্রীমান্ বঙ্কিম (বুড়ো) বহরমপুর কলেজে অধ্যয়ন করে; মাতার অন্তিমকালে উপস্থিত হইতে পারে নাই বলিয়া পশুপতি বাবুকেই পত্নীর প্রথম ঊর্দ্ধদৈহিক কার্য্য সম্পন্ন করিতে হইয়াছে। পশুপতি বাবুর বয়সও চল্লিশের নীচে। আমাদের দেশে প্রবাদ প্রচলিত আছে—"ভাগ্যিমানের বউ মরে, হতভাগার ঘোড়া মরে।" পশুপতি বাবু ও গৌরী দেবীর দাম্পত্য জীবনের কথা যাঁহারা জানেন তাঁহারা পশুপতি বাবুর এই ভাগ্য বিপর্য্যয়ে সমবেদনা অনুভব না করিয়া থাকিতে পারিবেন না। পশুপতি—শিব; গৌরী—দুর্গা। কেবল নামেই যে এঁদের মিলন মানানসই হইয়াছিল তাহা নয়—২২ বৎসর কালের মধ্যে কোন দিনের জন্য পতি পত্নীর মতানৈক্য বা ভাববৈষম্য এমনকি সামান্য দাম্পত্য কলহ পরিলক্ষিত হয় নাই। পশুপতি বাবু যে সর্ব্বদা প্রফুল্লচিত্তে স্ফূর্ত্তিতে দিন কাটাইতেন তার মূলীভূত কারণই হচ্ছে গৌরী দেবীর মত সহধর্ম্মিণী। গৌরী দেবী ছিলেন অনিন্দ্য সুন্দরী। দেহ অপেক্ষা তাঁর হৃদয় ছিল আরও সুন্দর। শাস্ত্রে পতিব্রতা স্ত্রীর যে সংজ্ঞা লিখিত আছে, গৌরী দেবীর সব গুণ ছিল তদনুযায়ী—

"আর্ত্তার্ত্তে মোদিতে হৃষ্টা প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়তে যা পত্যৌ সা স্ত্রী জ্ঞেয়া পতিব্রতা॥"

অর্থ—স্বামী আর্ত্ত হলে অর্থাৎ কাতর হলে যিনি কাতরা হন, আনন্দিত হলে আনন্দিতা হন, স্বামী বিদেশে গেলে যিনি মলিনা এবং কৃশা হইয়া থাকেন, স্বামীর মৃত্যুতে যিনি মৃতা হন তিনিই পতিব্রতা আখ্যা পাইয়া থাকেন। অবশ্য "মৃতে ম্রিয়তে" বচনের পরীক্ষা সাধ্বীকে দিতে হয় নাই।

পশুপতি বাবু যে সদানন্দ হইয়া দিন কাটান তার কারণ অনুসন্ধান করিয়া আমরা জানিয়াছি, কবিরা সকল ভার্য্যাকেই যে দোষে দোষী করিয়াছেন গৌরী দেবী ছিলেন তাহার বাহিরে।

কবি বচন—

"অতিথি বালকশ্চৈব রাজা ভার্য্যা তথৈবচ।
অস্তি নাস্তি ন জানন্তি দেহি দেহি পুনঃ পুনঃ॥"

অতিথি, বালক, রাজা আর ভার্য্যা এরা আছে কি নাই না জেনেই কেবল দাও দাও করে থাকে।

কালের হাওয়া এই অল্প বয়স্কা গৃহস্থবধূকে স্পর্শও করিতে পারে নাই। প্রাচীন পল্লীবধূর মত তিনি অবগুণ্ঠিতা থাকিতেন, প্রগল্ভতাকে শিষ্টাচার বিরুদ্ধ বলিয়া মনে করিতেন। মৃত্যুকালেও বাড়ীতে বহু লোক সমাগম দেখিয়া ঘোমটা টানিবার চেষ্টা করিতেছিলেন। নিজের বিলাসদ্রব্যের কথা দূরে থাক, একমাত্র পুত্রের অভাব অভিযোগ কখন স্বামীর গোচরে আনিতেন না। পুত্রটীও মায়ের কাছে এমন শিক্ষা পেয়েছে যে তার ডাক নাম "বুড়োর" প্রমাণ অক্ষরে অক্ষরে দিয়ে থাকে। ছেঁড়া কাপড় জামা নিজে হাতে রিফু করে ব্যবহার করে তবুও অযথা বাপের কাছে জানিয়ে তাঁর ব্যস্ততার সৃষ্টি করে না। বর্ত্তমানের রকম রকম ফ্যাসানের আবহাওয়ার মধ্যে থেকে একটী তরুণ কলেজের ছাত্রের পক্ষে এই "বৃদ্ধত্বং জরসা বিনা" মাতৃদেবীর প্রদত্ত সুশিক্ষা ছাড়া আর কিছুই নয়।

নিজের সন্তানাদি ছাড়া অন্যের প্রতিও তাঁর স্নেহ মমতা ছিল অকৃত্রিম। গৌরী দেবীর মধুর ব্যবহারে পাড়ার আপামর সাধারণ ছিল তাঁর গুণমুগ্ধ। নিজের দেবরপত্নীরা (জা) তাঁর স্নেহের বাঁধনে ছোট সহোদরা ভগ্নীর মত বিনা আপত্তিতে দিদির সকল আদেশ পালন করিত।

পশুপতি
তেন তার
সহধর্ম্মিণী।
পেক্ষা তাঁর
র যে সংজ্ঞা
খ্যায়ী—
কৃশা।
তা।"
হলে যিনি
মী বিদেশে
ন, স্বামীর
খ্যা পাইয়া
কা সাধ্বীকে

টান তার
য়া সকল
রী দেবী

।
:।"
আছে. কি

কে স্পর্শও
তনি অব-
ক্ষ বলিয়া
ক সমাগম
। নিজের
র অভাব
। পুত্রটীও
ডাক নাম
। ছেঁড়া
করে তবুও
ই করে না।
মধ্যে থেকে
আম্বরসা
কছুই নয়।
স্নেহ মমতা
রে পাড়ার
দবরপত্নীরা
ভগ্নীর মত
রিত।

রঘুনাথগঞ্জের বহু নরনারী গৌরী দেবীর শবানুগমন করিয়া শ্মশান পর্য্যন্ত গিয়া সতীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করিয়াছেন। শবানুগমন কালে জনৈক নিঃসম্পর্কীয় প্রতিবেশীকে সজলচক্ষে মন্তব্য প্রকাশ করিতে শুনিয়াছি—আজ শুধু পশুপতি বাবুর লক্ষ্মী নয়, আমাদের পাড়ার লক্ষ্মী চলে গেলেন।

সাধারণের নিকট অপরিচিতা, অজ্ঞাত নাম্নী কুলবধূর আদর্শ চরিত্রের কিঞ্চিৎ প্রকাশ করিবার সুযোগ পাইয়া আমরাও আপনাদিগকে ধন্য মনে করিতেছি। এ হেন পত্নীবিয়োগকাতর পশুপতি বাবুর, মাতৃহীন বঙ্কিম ও তাহার সহোদরাদ্বয়ের এবং শোকার্ত্ত স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া সাধ্বীসতীর আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা

বর্ত্তমান অবস্থার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত করিয়াছেন যে, গত বৎসরের ন্যায় এ বৎসর বাঙ্গলা এবং আসাম প্রদেশের বাহিরে কোন পরীক্ষা ( ম্যাট্রিকুলেশন, আই-এ, আই-এস-সি, বি-এ এবং বি-এস-সি ) গৃহীত হইবে না।

---


মণ্ডলপুর

## গঙ্গাধর আয়ুর্ব্বেদীয় ঔষধালয়

আমি রামপুরহাট টোলে সংস্কৃত অধ্যয়ন করিয়া স্বনামধন্য কবিরাজ শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ কবিরত্নের নিকট আয়ুর্ব্বেদ শিক্ষা করিয়া স্বগ্রামে এই ঔষধালয় স্থাপন করিয়াছি। এখানে নানাবিধ অরিষ্ট, আসব, তৈল, ঘৃত, চ্যবনপ্রাশ প্রভৃতি শাস্ত্রীয় ঔষধ বিক্রয়ার্থ প্রস্তুত রাখি। বিদেশী রোগিগণের থাকিবার সুব্যবস্থা আছে। গরীব রোগিদিগকে বিনা পারিশ্রমিকে যত্নসংকারে ব্যবস্থা দিয়া থাকি। অল্প সময়ের মধ্যে অনেকগুলি রোগী আমার চিকিৎসায় আরোগ্যলাভ করিয়াছে। পরীক্ষা প্রার্থনীয়।

কবিরাজ শ্রীস্বয়ম্ভুপদ বিদ্যারত্ন
মণ্ডলপুর, পোঃ বাড়ালা
মুর্শিদাবাদ।


---

# নীলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নীলামের দিন ৮ই ফেব্রুয়ারী ১৯৪৩

১৯৪২ সালের ডিক্রীজারী

৯৮৩ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং নুর মহম্মদ দাবি ৮৪৶৩ থানা সুতী মৌজে ডাহিনা ৫-৩৯ শতকের কাত ১১৲ আঃ ২৫৲ খং ৬৯

৯৮৮ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং আজিজ মহালদার দাবি ৪২৷৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে মুক্তিনগর ১-২৭ শতকের কাত ৫৸৶৮ আঃ ২৫৲ খং ৭৮০

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নীলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯৪৩

১৯৪২ সালের ডিক্রীজারী

৭১৭ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েন্ট মাতোয়ালি মোঃ হুমায়ুন রেজা চৌধুরী দিং দেং গোল মহম্মদ বিশ্বাস দিং দাবি ১৩০৲ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ৪৷৩৻১ ধুলের কাত ১৭৶৯ আঃ ১০০৲ খং ৪৯১

৭১৮ থাং ডিঃ ঐ দেং ধরণী মণ্ডল দিং দাবি ৪৬৵০ মৌজাদি ঐ ৯৷২৻৯ ধুলের কাত ৬৸১১ পাই আঃ ২০৲ খং ৪৭৮

৭১৯ থাং ডিঃ ঐ দেং ঝাবু সেখ দিং দাবি ১৭৸৵৩ মৌজাদি ঐ ১৷৩৻৫ ধুলের কাত ২৵৬ আঃ ১০৲ খং ৪১৯

৭২০ থাং ডিঃ ঐ দেং রম্ভাবতী নেসা বিবি দাবি ৩৯৸৯ মৌজাদি ঐ ১২৷৻৯ ধুলের কাত ৬৸৬ পাই আঃ ৪০৲

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নীলামের দিন ৮ই মার্চ্চ ১৯৪৩

১৯৪২ সালের ডিক্রীজারী

৮২৮ থাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দেং বিরাজমোহিনী দেবী দাবি ১৩৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ১-৬০ শতকের সেস ৷৯ পাই ও শিক্ষাসেস ৷৵১১ পাই আঃ ১২৲ খং ২০৭

৮২৯ থাং ডিঃ শ্রীমতী সর্দ্দি বাই দেং বিরাজমোহিনী দেবী দাবি ১৪৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ৩-২৪ শতকের সেস ৷৵৩ পাই ও শিক্ষাসেস ৸১০ পাই আঃ ১৩৲ খং ১২১

৩০১ থাং ডিঃ বলরামচন্দ্র দে দিং দেং রকিব খাঁ নাঃ পক্ষে অলি মাতা রবিয়া বেওয়া দাবি ৪৬৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কালিয়াই ৬২ শতকের কাত ৬৮ আঃ ৫৫৲ কোর্ফা স্বত্ব

৬১৭ থাং ডিঃ গোবিন্দলাল দাস দিং দেং এব্রাহিম বিশ্বাস দিং দাবি ২০৶৬ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ৪-৮০ শতকের কাত ৮৷৵৯ আঃ ১৪৲ মোকররী স্বত্ব

১০৪ মনি ডিঃ ভোলানাথ সাহা দিং দেং নিস্তারিণী দাসী দাবি ৯৷৵৯ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ (জঙ্গিপুর মিউনিসিপালিটী) ৬৩ শতকের কাত ৩৷৵০ খং ৪৭৪ দাগ নং ১৫৭, ১৫৯ ১৫৭নং দাগে পাকা বসত বাটী মায় তীর বরগা জানালা কপাট চৌকাঠ আঃ ৫৲

১৯৪৩ সালের ডিক্রীজারী

২৯ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দেং উপেন্দ্রনারায়ণ দাস দাবি ৭৯৻৩ থানা সুতী মৌজে আলমপুর ১-৬২ শতকের কাত ৮৸১৷০ আঃ ৬৫৲ খং ৩০২ রায়ত স্থিতিবান

৩০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর সেকেন্দরা ৬১ শতকের কাত ২৲ আঃ ১৫৲ খং ১৩১ রায়ত স্থিতিবান

৩১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৸৵৩ মৌজাদি ঐ ৫৫ শতকের কাত ১৸৵০ আঃ ১৫৲ খং ১৩২ রায়ত স্থিতিবান

৩২ থাং ডিঃ ঐ দেং বিন্দুবাসিনী দাসী দাবি ১০৸৶৯ থানা সুতী মৌজে আলমপুর ২১ শতকের কাত ৷৵০ আঃ ৭৲ খং ৩২৫ রায়ত স্থিতিবান


৪১ থাং ডিঃ ঐ দেং উপেন্দ্রনারায়ণ দাস দাবি ২৬৵০ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ১৷৵৪ পাই আঃ ২০৲ খং ৩১০ রায়ত স্থিতিবান

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।




# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে

দেখে'ছন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

---

মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী :—মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

---

মোহিনী বিড়ির

শাখাসমূহ :—১৬০ নং নবাবপুর রোড, ঢাকা,
সরায়গঞ্জ, মজঃফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস,
গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

---

# সাধনা ঔষধালয়, ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্বেবদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

**মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲**
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

**বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা**
সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

**শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা**
ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

**অবলাবান্ধব যোগ**
প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

---

সুসংবাদ ! সুসংবাদ !

জটিল দুরারোগ্য ও পুরাতন পীড়ার চিকিৎসার জন্য সুপ্রসিদ্ধ অভিজ্ঞ চিকিৎসক ডাঃ শ্রীসুরেন্দ্রনাথ দাস, এম-বি, হোমিও মহাশয়ের সহিত পরামর্শ করুন। তিনি এযাবৎ বহু সংখ্যক জটিল ও পুরাতন রোগীর সাফল্যের সহিত চিকিৎসা করিয়া আসিতেছেন। ডাকযোগেও চিকিৎসা করা হয়। কলিকাতার দরে যাবতীয় সরঞ্জামসহ হোমিওপ্যাথিক ঔষধ বিক্রয় হয়।

বিনামূল্যে পশু-চিকিৎসা করা হয়।

ডাঃ স্বর্গীয় সীতানাথ দাসের পুত্র
গভর্ণমেণ্ট হইতে রেজেষ্টারীকৃত ও লাইসেন্সপ্রাপ্ত
ডাঃ শ্রীসুরেন্দ্রনাথ দাস, এম-বি, হোমিও
"সর্ব্বমঙ্গলা ঔষধালয়" পোঃ রাজগাঁ, বীরভূম।